ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস্

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

**ডিসিএমপিএস সার্কুলার নং — ০৩/২০১১**

**তারিখ t** **০৪ এপ্রিল, ২০১১**
**২১ চৈত্র, ১৪১৭**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**রাজশাহী ও বরিশাল অঞ্চলে বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেমস্ বাস্তবায়ন প্রসঙ্গে।**

আপনারা অবগত আছেন যে, দেশের সকল তফসিলী ব্যাংকের সফল অংশগ্রহনের মধ্য দিয়ে বিগত ০৭ অক্টোবর ২০১০ হতে ঢাকা ক্লিয়ারিং এলাকায় বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেমস্ এর অবিরত কার্যক্রম আরম্ভ হয়, যা পরবর্তীতে ২০ জানুয়ারী ২০১১ হতে সিলেটে এবং ০৩ ফেব্রুয়ারী ২০১১ হতে চট্টগ্রাম আঞ্চলে সম্প্রসারিত হয়েছে । দেশব্যাপী অটোমেটেড চেক ক্লিয়ারিং কার্যক্রম সম্প্রসারনের অংশ হিসেবে আগামী ০৭ এপ্রিল ২০১১ হতে রাজশাহী এবং ২৫ এপ্রিল ২০১১ হতে বরিশাল অঞ্চলে অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেমস্ এর (কেবলমাত্র রেগুলার ভ্যালু ক্লিয়ারিং) কার্যক্রম আরম্ভের তারিখ নির্ধারন করা হয়েছে । উল্লেখ্য যে, সরকারী চেক এবং Non -MICR ফরেন রেমিটেন্স ড্রাফট্ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অটোমেটেড ক্লিয়ারিং প্রক্রিয়ার বাইরে থাকবে । সরকারী চেক বর্তমানে প্রচলিত ম্যানুয়াল পদ্ধতিতে ক্লিয়ারিং সম্পন্ন করা হবে এবং Non -MICR ফরেন রেমিটেন্স ড্রাফট্ এর অর্থ সংগ্রহের জন্য সংশ্লিষ্ট Paying Bank-এ যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে ।

নির্ধারিত তারিখ হতে রাজশাহী এবং বরিশাল অঞ্চলের সকল ইন্স্টুমেন্ট ক্লিয়ারিং এর জন্য ঢাকাস্থ BACPS Data Centre-এ প্রেরণ করতে হবে এবং এ সকল ইন্স্টুমেন্টের জন্য বাংলাদেশ ব্যাংকের মতিঝিল কার্যালয়ে রক্ষিত অংশগ্রহণকারী ব্যাংক সমূহের হিসাব সমন্বয়ের মাধ্যমে নেট-সেটেলমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করা হবে ।

এমতাবস্থায়, উল্লিখিত অঞ্চল সমূহে বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেমস্ বাস্তবায়নের ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন|

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

**( মোহাম্মদ মাসুম কামাল ভূঁইয়া )**
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭২